# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২১৫

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৩. বিড়ালের উচ্ছিষ্ট

بَابُ سُؤْرِ الْهِرَّةِ

আরবী

نَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا أَحْمَدُ بْنُ إِسْمَاعِيلَ السَّهْمِيُّ ، نَا مَالِكٌ . وَثَنَا الْحُسَيْنُ ، نَا يُوسُفُ بْنُ مُوسَى ، نَا إِسْحَاقُ بْنُ عِيسَى ، نَا مَالِكٌ ، عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ ، عَنْ حُمَيْدَةَ بِنْتِ عُبَيْدٍ ، عَنْ كَبْشَةَ بِنْتِ كَعْبِ بْنِ مَالِكٍ ، وَكَانَتْ تَحْتَ ابْنِ أَبِي قَتَادَةَ : أَنَّ أَبَا قَتَادَةَ الْأَنْصَارِيَّ دَخَلَ ، فَسَكَبَتْ لَهُ وَضُوءًا ، فَجَاءَتْ هِرَّةٌ لِتَشْرَبَ مِنْهُ فَأَصْغَى لَهَا أَبُو قَتَادَةَ الْإِنَاءَ حَتَّى شَرِبَتْ ، قَالَ : فَرَآنِي أَنْظُرُ إِلَيْهِ ، قَالَ : أَتَعْجَبِينَ يَابْنَةَ أَخِي ؟ قَالَتْ : قُلْتُ : نَعَمْ ، ثُمَّ قَالَ : إِنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، قَالَ : " إِنَّهَا لَيْسَتْ بِنَجَسٍ ، إِنَّهَا مِنَ الطَّوَّافِينَ عَلَيْكُمْ وَالطَّوَّافَاتِ

বাংলা

২১৫(২২). আল-হুসাইন ইবন ইসমাঈল (রহঃ) ... কা’ব ইবনে মালিক (রাঃ) এর কন্যা কাবশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি আবু কাতাদা (রাঃ) এর পুত্রবধূ ছিলেন। আবু কাতাদা আল-আনসারী (রাঃ) এলে তিনি তাকে উযুর পানি দিলেন। একটি বিড়াল পানি পান করতে এলে আবু কাতাদা (রাঃ) পাত্রটি এর সামনে কাত করে ধরলেন এবং সেটি পানি পান করলো। রাবী বলেন, তিনি দেখলেন যে, আমি তার দিকে তাকিয়ে আছি। তিনি বলেন, হে ভাইঝি! তুমি কি আশ্চর্য হচ্ছো! তিনি বলেন, আমি বললাম, হ্যাঁ। তারপর তিনি বলেন, নিশ্চয়ই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বিড়াল নাপাক প্রাণী নয়। এটা তোমাদের আশেপাশে বিচরণকারী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কাবশাহ্ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80004

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন